প্রথম আলো

আপনার টাকা

# ভাই-বোন টাকা দিলে কর দিতে হবে না, শ্বশুরবাড়ির টাকায় কর বসবে

**বিশেষ প্রতিবেদক** ঢাকা

প্রকাশ: ২৮ সেপ্টেম্বর ২০২৫, ১১: ৩০




আয়কর রিটার্ন

স্বামী-স্ত্রী, মাতা-পিতা ও ছেলে-মেয়েরা টাকা পাঠালে কর দিতে হবে না। এটা উপহার বা দান হিসেবে দেখা হয়। এতে কর বসে না।

চলতি অর্থবছর থেকে করমুক্ত দান বা উপহারের আওতায় স্বামী-স্ত্রী, মাতা-পিতা ও সন্তানের পাশাপাশি আপন ভাই ও বোনকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মানে, আপন ভাই-বোন নিজেদের সহোদরকে দান করলে তা করমুক্ত থাকবে।

এই উদ্যোগের ফলে আপন ভাই-বোন টাকা দিলে তাতে কর দিতে হবে না।

একটু ভেঙে বলা যাক, ধরুন, আপনার ভাই আপনাকে দুই লাখ টাকা উপহার হিসেবে দিল, যা বছর শেষে আপনার রিটার্নে দেখালেন। এতে কর বসবে না। একইভাবে আপনার ভাইকে তাঁর কর নথিতে এই দান বা উপহারের কথা উল্লেখ করতে হবে।

এ ছাড়া পারিবারিক জমি, ফ্ল্যাটসহ স্থাবর-অস্থাবর সম্পদ হস্তান্তরও আরও সহজ হবে। কারণ, দান বা উপহারের মধ্যে টাকার পাশাপাশি স্থাবর-অস্থাবর সম্পত্তিও আছে।

এত দিন স্বামী-স্ত্রী, মাতা-পিতা ও সন্তানের বাইরে অন্য কেউ টাকাপয়সাসহ অন্য স্থাবর-অস্থাবর সম্পত্তি দান করলে তাতে কর বসত। এখন থেকে আপন ভাই-বোনের দান করমুক্ত থাকল। এ বছর যাঁরা রিটার্ন দেবেন, তাঁদের জন্য এটি কার্যকর করা হয়েছে।

প্রবাসী বাংলাদেশিরা অনেক সময় নিজেদের ভাই-বোনকে বিভিন্ন সময় অর্থ পাঠান এবং দামি উপহার দেন। আবার প্রবাসী শ্রমিকেরা অনেক সময় রেমিট্যান্সের অর্থ নিজেদের ভাই-বোনের হিসাবে পাঠান। কিন্তু রেমিট্যান্সের অর্থ করমুক্ত থাকলেও বিষয়টি পরিষ্কার ছিল না। এবার দান করের আওতায়, তা পরিষ্কার করা হলো।

এখানে বলা প্রয়োজন, পাঁচ লাখ টাকার বেশি যেকোনো লেনদেন ব্যাংকিং চ্যানেলে হতে হবে।

## শ্বশুরবাড়ির টাকায় কর বসবে

শ্বশুর-শাশুড়ি, শ্যালক-শ্যালিকাসহ শ্বশুরবাড়ির লোকজন টাকাপয়সা উপহার দিলে, তা করের আওতায় আসবে।

এনবিআর সূত্রে জানা গেছে, মা-বাবা, ভাই-বোন ও স্ত্রী-সন্তান ছাড়া যে কারও কাছ থেকে উপহার পেলে বছর শেষে তা আয়কর রিটার্নে দেখাতে হবে এবং করও দিতে হবে। আবার উপহারদাতাকেও তাঁর আয়কর রিটার্নে উপহার দেওয়ার বিষয়টি জানাতে হবে।

শ্বশুরবাড়ি থেকে গয়না, জমি, ফ্ল্যাটসহ অন্যান্য উপহার হিসেবে দিলেও কর কর্মকর্তাদের কাছে অর্থের উৎস সম্পর্কে প্রশ্ন করতে পারবেন। ব্যাখ্যা দিতে হবে উভয় পক্ষকে।

কর কর্মকর্তাদের সঙ্গে আলাপ করে জানা গেছে, অনেকের কর নথিতে শ্বশুরবাড়ি থেকে উপহার হিসেবে অনেকে সম্পদ দেখিয়ে দেন। যিনি উপহার দেন, তিনি তাঁর কর নথিতে এমন সম্পদ হস্তান্তরের তথ্য দেন না। অভিযোগ আছে, অবৈধ উপায়ে উপার্জিত অর্থসম্পদ এভাবে দেখানো হতে পারে। তাই কারা দান করলে বা উপহার দিলে তা করের আওতায় আসবে না, তা ঠিক করে দিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।



স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো | সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান